**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 12.05.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় আগামীকাল এরাজ্যের বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, বোলপুর, বীরভূম, বর্ধমান-পূর্ব, বর্ধমান-দুর্গাপুর ও আসানসোল-এই ৮’টি আসনে ভোট নেওয়া হবে। এই জন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ।

# ভোট গ্রহণ শুরু সকাল ৭’টায়, চলবে সন্ধ্যে ৬’টা পর্যন্ত।

# অবাধ ও শান্তিপূর্ণ ভোটের জন্য নির্বাচন কমিশন সবরকম ব্যবস্থা নিয়েছে।

২/ পরবর্তী দফার ভোটের প্রচারে বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এ’রাজ্যে চারটি নির্বাচনী সভায় যোগ দেন। সন্দেশখালির উল্লেখ করে তিনি তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেন।

# তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিজেপির সমালোচনা করে বলেছেন, ওই দল টাকা খরচ করে রাজ্যের বদনাম করছে।

৩/ সন্দেশখালিতে আজ তৃণমূল কংগ্রেস ও বিজেপি কর্মীদের মধ্যে ধুন্ধুমার কান্ড বাঁধে।

৪/ রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন বৃষ্টির পূর্বাভাস।

*****************************************************************

লোকসভা নির্বাচনের চতুর্থ দফায় আগামীকাল এরাজ্যের ৮'টি সহ ১০ দেশের মোট ৯৬ টি আসনে ভোট নেওয়া হবে। এর জন্য প্রস্তুতি সম্পূর্ণ।

আগামীকাল রাজ্যের বহরমপুর, কৃষ্ণনগর, রাণাঘাট, বোলপুর, বীরভূম, বর্ধমান-পূর্ব, বর্ধমান-দুর্গাপুর ও আসানসোল আসনে সকাল ৭'টায় ভোট গ্রহণ শুরু হবে। চলবে সন্ধ্যে ৬'টা পর্যন্ত।

গত ৩ দফার ভোটের মতো এ'দফাতেও ভোট গ্রহণ নির্বিঘ্ন ও শান্তিপূর্ণ রাখতে নির্বাচন কমিশন কঠোর নিরাপত্তার ব্যবস্থা নিয়েছে।

আগামীকালের ভোটের জন্য ৫৯৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী থাকছে। তবে, বুথের নিরাপত্তায় মোতায়ন করা হচ্ছে ৫৭৯ কোম্পানি। বাকি বাহিনী থাকবে স্ট্রং রুম, সেক্টর অফিস ও কুইক রেসপন্স টিমের সঙ্গে। আগামীকাল ১৪৮ টি কুইক রেসপন্স টিম কাজ করবে। প্রয়োজনে এর সংখ্যা বাড়ানো হতে পারে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে আরো জানা গেছে, কোনো অশান্তি বা গন্ডোগোলের ঘটনা চটজলদী সামাল দিতে GPS-এর মাধ্যমে কুইক রেসপন্স টিমের গতিবিধির ওপর নজর রাখা হবে। ওয়েট কাস্টিং-এর ব্যবস্থা থাকবে ১০০ শতাংশ বুথেই। থাকবে হেবি রেডিও ফ্লাইং স্কোয়াড।

বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা আগামীকাল বহরমপুরে থেকে এবং বিশেষ সাধারণ পর্যবেক্ষক অলোক সিন্‌হা কলকাতায় থেকে ভোটের ওপর নজর রাখবেন।

আগামীকাল ৮'টি আসনে মোট প্রার্থীর সংখ্যা- ৭৫ । মহিলা প্রার্থীর সংখ্যা- ১৬ । সবচেয়ে বেশি ১৫ জন প্রার্থী রয়েছেন বহরমপুরে। ৭ জন করে প্রতিদ্বন্দ্বিতা করছেন রানাঘাট, বর্ধমান-পূর্ব এবং আসানসোল আসনে।

বর্ধমান-পূর্ব আসন নিয়ে আমাদের আকাশবাণীর ইলেকশন সেলের একটি প্রতিবেদন।

( ভিসি- ইলেকশন সেল)

******************

নদীয়া জেলায় লোকসভা ভোটে ২৮ টি মডেল বুথ খোলা হচ্ছে। কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রে ১৬ টি ও রানাঘাট তপশিলি সংরক্ষিত কেন্দ্রের জন্য ১২ টি মডেল বুথ থাকছে। ওই বুথগুলিতে শিশুদের মাতৃদুগ্ধ পানের জন্য আলাদা রুম, বয়স্ক ভোটারদের বসবার স্থান, সেলফি কর্নার, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের জন্য হুইল চেয়ার সহ নানাবিধ ব্যবস্থা থাকছে।এছাড়াও জেলায় ২৬ টি মহিলা পরিচালিত বুথ খোলা হচ্ছে।

******************

রাজ্যে লোকসভা নির্বাচনের পরবর্তী দফাগুলির জন্য জমে উঠেছে নির্বাচনী প্রচার। শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দলীয় প্রার্থীদের সমর্থনে জগদ্দল, চুঁচুড়া, পুড়শুড়া এবং সাঁকরাইলে চারটি জনসভা করেছেন। এদিনও সভা মঞ্চ থেকে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের তীব্র সমালোচনা করেছেন তিনি। সন্দেশখালির ঘটনাকে সারা দেশের সামনে লজ্জার বলে উল্লেখ করে তিনি বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে মহিলারা অত্যাচারিত।

( বাইট- মোদী )

তৃণমূল কংগ্রেস গরীবদের অধিকার ছিনিয়ে নিচ্ছে বলেও অভিযোগ করেন তিনি। CAA নিয়ে রাজ্যের শাসক দলের বিরুদ্ধে মানুষকে ভুল বোঝানোর অভিযোগ তোলেন প্রধানমন্ত্রী। দুর্নীতি নিয়ে ইন্ডি জোটের দলগুলিরও কড়া সমালোচনা করেন তিনি। তিনি বলেন ‘বিকশিত ভারতের প্রতিশ্রুতি একমাত্র বিজেপি’ই পূরণ করতে পারে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ ব্যারাকপুর লোকসভার আমডাঙা এবং উলুবেড়িয়ার দলীয় প্রার্থীদের সমর্থনে দুটি প্রচার সভাতেই প্রধানমন্ত্রীকে তীব্র আক্রমণ করেন। সন্দেশখালিতে টাকা খরচ করে বিজেপি রাজ্যকে বদনাম করছে বলে তিনি মন্তব্য করেন। (বাইট- মমতা বিজ্ঞাপন)

বাংলায় কোনভাবেই CAA/NRC করতে দেওয়া হবে না বলেও স্পষ্ট ভাষায় তিনি উল্লেখ করেন।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ বনগাঁ ও হাওড়া লোকসভা আসনে দলীয় প্রার্থীদের সমর্থনে দু’টি সভা করেছেন।

******************

বহরমপুরে ভোটে সন্ত্রাস হতে পারে বলে উদ্বেগ প্রকাশ করে পুলিশ ও তৃণমূল কংগ্রেসের সমালোচনা করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি সাংসদ অধীর রঞ্জন চৌধুরী। আজ জেলা কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলন করেন তিনি।

২০২৬ এর বিধানসভা নির্বাচন পর্যন্ত তৃণমূল কংগ্রেস সরকার টিঁকবে না বলে CPIM এর কেন্দ্রীয় কমিটির সদস্য সূর্যকান্ত মিশ্র মন্তব্য করেছেন। আজ হুগলী লোকসভা কেন্দ্রের বামফ্রন্ট প্রার্থীর সমর্থনে পান্ডুয়ায় প্রচারে গিয়ে তিনি তৃণমূল- বিজেপি আঁতাতের অভিযোগ তোলেন।

********************

আগের তিন দফার মতো চতুর্থ দফা ১৩ই মে ভোটের দিনও আকাশবাণী কলকাতার কয়েকটি সংবাদের সময়সীমা বাড়ছে।

আগামীকাল দুপুর ১-৪০ এর স্থানীয় সংবাদ ও বিকেল ৫-১০ এর খবর হবে ১০মিনিটের এবং সন্ধ্যে ৭-৫০ এর স্থানীয় সংবাদ ১৫ মিনিটের।

********************

আগামীকাল রাজ্যের ৮-টি আসনের ভোটপর্ব নিয়ে শুনবেন সংবাদবিভাগের বিশেষ আলোচনা– "জনমত – ২০২৪, চতুর্থ দফার ভোট"।

আলোচনায় অংশ নেবেন রাজনৈতিক বিশ্লেষক বিশ্বনাথ চক্রবর্তী এবং সাংবাদিক সুমন ভট্টাচার্য। সঞ্চালনায় সংযুক্তা সিংহ।

অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮-টা ৫ থেকে গীতাঞ্জলি এবং ১০৭ মেগাহার্টস্ প্রচার তরঙ্গে। সোশ্যাল মিডিয়াতেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান।

********************

অবিলম্বে গ্রামে বিদ্যুৎ সংযোগের দাবিতে পশ্চিম বর্ধমানের জামুড়িয়ার তপসী পঞ্চায়েতে জানবাজার আদিবাসী প্রাথমিক বিদ্যালয় ভোটগ্রহন কেন্দ্রে আজ তালা ঝুলিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে গ্রামবাসীদের বিরুদ্ধে। সকালে ভোট কর্মীরা বুথে ঢুকতে গেলে গ্রামবাসীদের বাধার মুখে পড়েন। তাদের অভিযোগ, গ্রামে রাজ্য বিদ্যুৎ বন্টন সংস্থার বিদ্যুৎ পৌঁছায়নি। ইসিএলের বিদ্যুৎ সংযোগ থাকলেও ভোল্টেজ অত্যন্ত কম থাকে।

দীর্ঘদিন ধরে সরকারি আধিকারীদের জানিয়েও কোন কাজ হয়নি। পরে স্থানীয় পঞ্চায়েত প্রতিনিধিরা গ্রামবাসীদের বোঝান। ভোটকেন্দ্রের তালা খুলে দেওয়া হলেও জেনারেটর বসাতে দেওয়া হয়নি।

******************

ভুয়ো ভিডিও বানিয়ে বিজেপি নেতাদের কালিমালিপ্ত করা এবং দলের নেতাদের মিথ্যা মামলায় ফাঁসানোর অভিযোগ তুলে বিজেপির স্থানীয় নেতৃত্ব আজ সন্দেশখালি থানায় ব্যপক বিক্ষোভ দেখায়।

আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন- (ভিসি- পল্লব ঘোষ )

******************

নদীয়ার ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তের গেদের হালদার পাড়ায় BSF,
তিন কেজিরও বেশি ওজনের ২৬টি সোনার বিস্কুট সোনা উদ্ধার করেছে।
বাজারে এর দাম ২ কোটি ৩৫ লক্ষ টাকার'ও বেশী।

******************

জোড়া ঘূর্ণাবর্ত এবং বাতাসে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন বজ্র বিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা।

উত্তরবঙ্গের পাঁচ জেলাতেও ঝড়-বৃষ্টির পূর্ভাভাস রয়েছে। ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে বয়ে যাবে ঝোড়ো হাওয়া।

কলকাতায় আজ সর্ব্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩২ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকেরচেয়ে ৩'ডিগ্রি কম। সর্বনিম্ন তাপমাত্রাও স্বাভাবিকের চেয়ে ৩'দশমিক ৭ ডিগ্রি কম- ২৩ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস ছিল।

******************

সারা বিশ্ব জুড়ে আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক মাতৃ দিবস। মায়েদের কষ্ট, আত্মত্যাগ এবং সহনশীলতাকে শ্রদ্ধা ও সম্মান জানাতে প্রতি বছর মে মাসের দ্বিতীয় রবিবার এই দিনটি পালন করা হয়। ১৯০৮ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের পশ্চিম ভার্জিনিয়ার গ্রাফটনে আন্না জারভিস, সেন্ট অয়ান্ড্রুস মেথডিস্ট গির্জায় তাঁর মায়ের স্মরনে এক স্মরনসভার আয়োজন করেন। সেদিন থেকেই মাতৃ দিবস পালনের সূচনা।

*****************

মহিলাদের ২৮ তম সিনিয়র জাতীয় ফুটবলের দুটি সেমিফাইনাল ম্যাচ আগামীকাল কলকাতায় অনুষ্ঠিত হবে। বাংলা খেলবে হরিয়ানার বিরূদ্ধে।

অন্য সেমিফাইনালে তামিলনাড়ু, মণিপুরের মুখোমুখি হবে। ফাইনাল বুধবার।

************************************************************